

2018

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের সভার নাম কী ?
- (খ) “ওয়েল দেন, হাম ডেক্টা ওস্কা কুচ কসুর নেই, ওস্কা ছোড় ডেও।” এখানে ‘ওস্কা’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (গ) “একি, একি ? এ আমার সোনার চাঁদ যে মাটিতে গড়াচ্ছে।” ‘সোনার চাঁদ’ কে ?
- (ঘ) “হ্যাঁ, ভালো হয়েছে, এই একটা মুস্কিল আসান আসচে, ওর পিছনে আলোয় আলোয় এই বেলা প্রস্থান করি।” ‘মুস্কিল আসান’ শব্দের অর্থ কী ?
- (ঙ) “ননসেন্স! তার চেয়ে শালাকে গোটাকত কি ক্ দিয়ে একেবারে বৈকুষ্ঠে পাঠাও না কেন।” বক্তা কে ?

(চ) “হ্যাঁ, রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, _____ জন্মায় না।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ছ) রামমোহন মাল বিভাকে কি উপহার দিয়েছিল?

(জ) যশোহরের রাজমহিষীর পরিচারিকার নাম কী?

(ঝ) সুরমা কোন্ রাজ্যের রাজকন্যা?

(ঞ) প্রতাপাদিত্যের পিতার নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) “হোয়াট, তুমি আমাকে লায়র বল? তুমি জান না আমি তোমাকে এখনি শুট করবো?” বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছিলেন?

(খ) “ও ঠাকুরবি, এই ভাই তোর দাদার দশা দেখ। হয়, কলকাতায় যে আজকাল কত অভাগা স্ত্রী আমার মতন এইরূপ যন্ত্রণা ভোগ করে তার সীমা নাই।” এই আফশোশ কার? ‘ঠাকুরবি’ বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?

(গ) “দেখ তো মন্ত্রী, সে পাঠান দুটো এখনো এল না।” এই ‘পাঠান’ দুজনের নাম কী?

(ঘ) প্রতাপাদিত্য উদয়াদিত্যকে সিংহাসন থেকে অব্যাহতি দিয়ে কাকে উত্তরাধিকারী মনোনীত করেছিলেন?

(ঙ) “আর কিছু নয়—সেই ভাঁড়টাকে নিয়ে একটু আমোদ করতে পারতুম—তার কথা শুনতে মজা আছে।” এখানে কোন্ ‘ভাঁড়’-এর কথা বলা হয়েছে? বক্তা কে?

- ৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের বাবাজি চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (খ) "মদ মাংস খেয়ে ঢলাঢলি কল্লেরই কি সভ্য হয়? একেই কি বলে সভ্যতা?" বক্তার এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে এই 'সভ্যতা'র তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের ভাষারীতি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) "সুরমা বিদায় হয়েছে মা, এবার আমি বিদায় হতে এসেছি—আর এখানে নয়।" সুরমার মৃত্যুর প্রসঙ্গটি আলোচনা করো।
- (ঙ) রাজা বসন্ত রায়ের সংগীত প্রেমের পরিচয় দাও।
- (চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
"রাজকার্যে ছোটোদেরও অবজ্ঞা করতে নেই মহারাজ! অসহ্য হলেই ছোটোরা জোঁট বাঁধে, জোঁট বাঁধলেই ছোটোরা বড়ো হয়ে ওঠে।"

- ৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে একদিকে বারাস্কনা এবং অন্যদিকে বাড়ির অন্দরমহলের মহিলাদের সামাজিক অবস্থানের যে ছবি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।
- (খ) "মাইকেল মধুসূদনের 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটিতে নববাবুর মধ্য দিয়ে নব্য বাংলার পরিচয় যে রকম ব্যক্ত হয়েছে, তেমনি কর্তা মশায়ের চরিত্রের ভিতর দিয়ে সেকালের সমাজের আর একদিকের পরিচয়ও প্রকাশিত হয়েছে।" উক্তিটির যৌক্তিকতা বিচার করো।
- (গ) প্রহসনের সংজ্ঞা নির্দেশ করে প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা'র সার্থকতা বিচার করো।
- (ঘ) 'একেই কি বলে সভ্যতা'র নামকরণের সার্থকতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ঙ) 'প্রায়শ্চিত্ত' নাটকের প্রতাপাদিত্য চরিত্রটি বিশ্লেষণ করো।
- (চ) 'প্রায়শ্চিত্ত' নাটকে সংগীতের প্রয়োগ সম্বন্ধে আলোচনা করো।
- (ছ) "উদয়াদিত্য, বিভা, ধনঞ্জয়—সকলেই শেষ পর্যন্ত পথে নামিয়া পড়িল।" 'প্রায়শ্চিত্ত' নাটকের পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।
- (জ) 'প্রায়শ্চিত্ত' নাটকের আখ্যানে মাধবপুর পরগণা ও তার অধিবাসীদের এক উল্লেখযোগ্য ভূমিকা আছে। এই ভূমিকাটি বিশ্লেষণ করো।
